

**প্রাথমিক ও গণশিক্ষা
সচিব মেহবাহ আলম**
ভারপ্রাপ্ত সচিব হলেন
আরও ২ জন

যুগান্তর রিপোর্ট

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নতুন সচিব হিসেবে নিয়োগ পেয়েছেন দুর্গেগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সচিব মেহবাহ উল আলম। এছাড়া দুই অতিরিক্ত সচিব মো. শাহ কামাল ও পরিষ্ক দত্ত চৌধুরীকে ভারপ্রাপ্ত সচিবের দায়িত্ব দেয়া হয়েছে। সোমবার এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করেছে জনপ্রশাসন মন্ত্রণালয়। গত ১৪ মার্চ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব কাজী আখতার হোসেন অবসরোত্তর ছুটিতে যান। এতে প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনার সঙ্গে যুক্ত মন্ত্রণালয়ের প্রশাসনিক প্রধানের পদটি শূন্য হয়। গণশিক্ষা মন্ত্রণালয়ের নতুন সচিব মেহবাহ-উল আলম বিসি-এন ১৯৮২-এর নিয়মিত ব্যাচের কর্মকর্তা। তিনি ২০১৭ মালের ১ জুন অবসর যাবেন। এর আগে তিনি পরিবেশ ও বন মন্ত্রণালয়েরও সচিব ছিলেন। ওইদিকে স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব মো. শাহ কামালকে দুর্গেগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব নিয়োগ দেয়া হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের অপর এক আদেশে জীবন বীমা কর্পোরেশনের এমডি পরিষ্ক দত্ত চৌধুরীকে প্রাইভেটাইজেশন কমিশনের ভারপ্রাপ্ত সদস্য (ভারপ্রাপ্ত সচিব পদমর্যাদা) করা হয়েছে।